


“প্যানেল প্রস্তুতের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি”

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদ সমূহের শূন্য পদ পূরণ এবং পরবর্তীতে শূন্য পদ পূরণের নিমিত্ত নিয়োগের প্যানেল প্রস্তুতের জন্য মোরেলগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| | পদের নাম (বেতন/সাকুল্য বেতন) | পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | যোগ্যতা |
|-----|---|----------------|----------------------|---|
| ০১। | সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন) | ১৭ | ০৪ | এস,এস,সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদ প্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য। |
| ০২। | আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন) | ১৭ | ০৩ | এস,এস,সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদ প্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য। |

শর্তাবলী :

- ১। প্রার্থীকে আগামী ২৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- ২। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সম্মুখে গঠিত উপজেলা প্যানেল কমিটি কর্তৃক সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি ক্লাবের প্রত্যেক পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ০৩(তিন) জনের প্যানেল প্রস্তুত করা হবে।
- ৩। উক্ত পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে মোরেলগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৪। সরকার নির্ধারিত কোটায় (শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/সন্তানদের সন্তান/এতিম/প্রতিবন্ধী/ উপজাতি/আনসার/ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত মোতাবেক অগ্রাধিকার পাবে।
- ৫। আগামী ২৭/০৪/২০২৩ ইং তারিখ প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে।
- ৬। আবেদনপত্রে খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখ করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ পত্র জমা দিতে হবে। সকল সনদ পত্র ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীল সহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৯। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ প্যানেল নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। প্রার্থীকে সাক্ষাতকার গ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্র সংগে আনতে হবে।


(এস এম তারেক সুলতান)
উপজেলা নির্বাহী অফিসার
মোরেলগঞ্জ, বাগেরহাট।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ :

- ১। প্রকল্প পরিচালক, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৩। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাগেরহাট।
- ৪। মেয়র, মোরেলগঞ্জ পৌরসভা, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৫। ভাইস চেয়ারম্যান পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৬। উপজেলা----- অফিসার(সকল) মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৭। চেয়ারম্যান(সকল) ইউনিয়ন পরিষদ, মোরেলগঞ্জ, বাগেরহাট।
- ৮। সভাপতি/সম্পাদক, মোরেলগঞ্জ প্রেসক্লাব (সম্ভব হলে বিনামূল্যে সৌজন্য সংখ্যা হিসাবে পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। সভাপতি/সম্পাদক, মোরেলগঞ্জ উপজেলা প্রেসক্লাব (সম্ভব হলে বিনামূল্যে সৌজন্য সংখ্যা হিসাবে পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। নোটিশ বোর্ড।